কালের কণ্ঠ

তারিখ: 18 MAR 2016
পৃষ্ঠা: 2 কলাম: 8

# বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচির মধ্য দিয়ে গতকাল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৭তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন করা হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, দোয়া মাহফিল, আলোচনা সভা, চিত্রপ্রদর্শনী প্রভৃতি।

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় :** বিশ্ববিদ্যালয়ের পক্ষে জাতির জনকের প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন উপাচার্য ড. মো. মাহবুবর রহমান। উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ ড. মো. ইসমাইল হোসেন মিঞা, পরিচালক (ছাত্রকল্যাণ) ড. এম. মোফাজ্জল হোসেন, রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ড. কাজী আবদুল খালিকসহ শিক্ষকরা।

**বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় :** ভারপ্রাপ্ত উপাচার্য ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন সকালে ধানমণ্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

**বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস :** ঢাকার মিরপুর সেনানিবাসে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসে মিলাদ মাহফিল, বিশেষ মোনাজাত, আলোচনা সভা এবং জাতির পিতার জীবনীর ওপর নির্মিত চিত্র প্রদর্শিত হয়। আলোচনা সভায় উপাচার্য মেজর জেনারেল শেখ মামুন খালেদ ও উপ-উপাচার্য ড. নাজমুল আহসান কলিমউল্লাহসহ ডিন, চিফ ফিন্যান্স অফিসার, পরীক্ষা নিয়ন্ত্রক, সব বিভাগীয় প্রধান, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন।

**বাংলাদেশ ইউনিভার্সিটি :** রাজধানীর মোহাম্মদপুরে বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে আলোচনা অনুষ্ঠান হয়। এতে প্রধান অতিথি ছিলেন ভারপ্রাপ্ত উপাচার্য ড. গোলাম রহমান। স্বাগত বক্তব্য দেন রেজিস্ট্রার মেজর (অব.) নিয়াজ মোহাম্মদ খান। বঙ্গবন্ধুকে নিয়ে স্বরচিত কবিতা আবৃত্তি করেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক সাদাত হোসেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. ইমামউদ্দিন, কলা ও আইন অনুষদের ডিন অধ্যাপক মোস্তফা কামালউদ্দিন এবং ব্যবসায় প্রশাসন ও অর্থনীতি অনুষদের ডিন ড. আশরাফ উদ্দিন চৌধুরী উপস্থিত ছিলেন।